

আপনার বাচ্চার বয়স যখন 9 মাস



আপনার বাচ্চা কীভাবে খেলাধুলা করছে, শিখছে, কথা বলছে এবং ব্যবহার করছে তা থেকে আপনার শিশুর বিকাশের বিষয়ে গুরুত্বপূর্ণ ইঙ্গিত পাওয়া যায়। অধিকাংশ শিশু একটি নির্দিষ্ট বয়সে পৌঁছানোর পরেই বিকাশের পথ ধরতে পারে।

9 মাসের শেষে আপনার বাচ্চা কতটা বেড়ে উঠেছে তা দেখুন। এটি নিজের সঙ্গে করে নিয়ে যান এবং প্রতি সাক্ষাতেই আপনার শিশুর ডাক্তারের সঙ্গে আপনার শিশু বেড়ে ওঠার কোন পর্যায়ে পৌঁছেছে এবং এখন কী প্রত্যাশা করা যায় সেই নিয়ে কথা বলে নিন।

এই বয়সে অধিকাংশ শিশু কী করে:

সামাজিক/আবেগজনিত

- অজানা কাউকে দেখলে হয়তো ভয় পায়
- পরিচিত বড়দের মাঝেই স্বাচ্ছন্দ্য বোধ করে
- প্রিয় খেলনা থাকে

ভাষা/যোগাযোগ

- “না” কথার অর্থ বোঝে
- বিভিন্ন ধরনের আওয়াজ করে “মামামামা” “বাবাবাবা”
- অন্যদের করা আওয়াজ এবং অঙ্গভঙ্গির নকল করে
- আঙুল দিয়ে কোনো জিনিস দেখায়

জ্ঞান বিষয়ক (শিক্ষা, চিন্তাভাবনা, সমস্যার সমাধান)

- কোনো কিছু পড়ার সময়ে কোনো দিক দিয়ে পড়ছে সেই দিকে তাকিয়ে থাকে
- আপনাকে লুকিয়ে রাখতে দেখা জিনিস খুঁজতে চেষ্টা করে
- লুকোচুরির মতো খেলা খেলে
- জিনিস নিয়ে মুখে দেয়
- এক হাত থেকে অন্য হাতে সহজেই জিনিস ধরতে শেখে
- বুড়ো আঙুল থেকে প্রথম আঙুল দিয়ে ছোট খাবারের মতো জিনিস তুলে নিতে পারে

চলাফেরা/শারীরিক বিকাশ

- দাঁড়াতে পারে, জরিয়ে ধরতে পারে
- বসে পড়তে পারে
- সাহায্য না নিয়েই বসতে পারে
- দাঁড়াতে চায়
- হামাগুড়ি দেয়

আপনার শিশুর মধ্যে এই সমস্ত বিষয় দেখা গেলে শুরুতেই আপনার শিশুর ডাক্তারের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নিন:

- সাহায্য নিয়েও পা ভর দিতে চেষ্টা করে না
- সাহায্য নিয়েও বসতে পারে না
- আধো আধো কথা বলে না (“মামা”, “বাবা”, “দাদা”)
- আগপিছে করার মতো কোনো খেলাই খেলে না
- নাম ধরে ডাকা হলে তাতে সাড়া দেয় না
- পরিচিতি মানুষদের চিনতে পারছে বলে মনে হচ্ছে না
- আপনি যেদিকে দেখাচ্ছেন সেদিকে তাকায় না
- এক হাত থেকে অন্য হাতে খেলনা ধরে না

বিকাশ সম্পর্কিত এই সমস্ত লক্ষণ প্রকাশে দেয়ী হলে, আপনার শিশুর ডাক্তার বা নার্সকে তা জানান এবং শুরুতেই ব্যবস্থা নেওয়ার জন্য 311 নম্বরে কল করুন।

American Academy of Pediatrics (আমেরিকান অ্যাকাডেমি অফ পিডিয়াট্রিসিয়ান) 9-মাসের সাক্ষাতে শিশুদের সাধারণ বিকাশের দিকগুলি খতিয়ে দেখে নেওয়ার সুপারিশ করে। আপনার শিশুর বিকাশের সবদিক খতিয়ে দেখার বিষয়ে আপনার শিশুর ডাক্তারকে জিজ্ঞাসা করুন।

Centers for Disease Control and Prevention, Learn the Signs (রোগ নিয়ন্ত্রণ এবং নিরাময় কেন্দ্র, লক্ষণ বুঝতে পারা) এর তরফ থেকে বিষয়বস্তু দেওয়া হয়েছে। শুরুতেই ব্যবস্থা নেওয়ার প্রোগ্রাম (Act Early Program) আরো বিস্তারিত ভাবে জানতে www.cdc.gov/ActEarly দেখুন।

শারীরিক ভাবে বেড়ে ওঠার মধ্যেই আপনার বাচ্চার বেড়ে ওঠা সীমাবদ্ধ নয়

বিকাশের বিষয়ে আরো বেশি করে জানতে nyc.gov দেখুন এবং “Child Development” অনুসন্ধান করুন

NYC
Health

Bengali